

💵 কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায়: বিদ'আত ও বিভক্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ৬. ৫. ৩. জাবারিয়াহ[1]

জাবার (الجبر) শব্দের অর্থ 'জবরদন্তি', বাধ্য করা, ক্ষমতা প্রয়োগ ইত্যাদি। জাবারিয়াহ সম্প্রদায় কাদারিয়াহ সম্প্রদায়ের বিপরীত বিশ্বাস পোষণ করে। এরা বিশ্বাস করে যে, মানুষের স্বাধীন ইচ্ছাশক্তি বা কর্মশক্তি বলে কিছুই নেই। মানুষ যা করে তা করতে সে বাধ্য। মানুষ চাবি দেওয়া কলের পুতুলের মতই। কাদারিয়্যাহগণ বিশ্বাস করে যে, ভাগ্য বলে কিছুই নেই, কর্মই সব। আর জাবারিয়্যাহগণ বিশ্বাস করে যে, কর্ম বলে কিছু নেই ভাগ্যই সব। আমরা দেখেছি যে, আহলুস সুন্নাত ওয়াল জামা'আত এ বিষয়ে কুরআন ও হাদীসের সকল শিক্ষা সমানভাবে গ্রহণ করেছেন। তাঁরা বলেন, ভাগ্য যেমন রয়েছে, তেমনি রয়েছে কর্ম। আল্লাহ যেহেতু দুটি বিষয়ই উল্লেখ করেছেন সেহেতু দুটি বিষয়ই সত্য। এদুটির সমন্বয়ে আশা ও ভয়ের মধ্যে ঈমান। জাহমিয়্যাহ সম্প্রদায়ের গুরু জাহমই জাবারিয়্যা আকীদার প্রথম প্রবক্ত বলে গণ্য।

ফুটনোট

[1] দেখুন, শাহরাস্তানী, আল-মিলালু ওয়ান নিহাল ১/৮৫-৯২।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13808

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন